হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৭৮ ঃ মেহেরপুর- রোববার ৬ জুলাই ২০২৫ ইং ঃ ২২ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



এমন চরিত্রে মানুষিকে কেউ ভাবেননি- পৃষ্ঠা-৩

# আয়া-ওয়ার্ডবয়দের ছায়া শাসনে মেহেরপুর হাসপাতাল

## নেই বেতন, নেই প্রশিক্ষণ তবুও নিয়ন্ত্রণে ভর্তি, ছাড়পত্র, ওষুধ!




মিজানুর রহমান

মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের চিকিৎসা ব্যবস্থা আজ অঘোষিত এক ছায়া প্রশাসন এর কবলে। মূল চিকিৎসকদের চেয়ে বেশি প্রভাবশালী হয়ে উঠেছে আয়া-ওয়ার্ডবয়দের এই সুসংগঠিত ছায়া প্রশাসন। যারা ভর্তির শুরু থেকে ছাড়পত্রের শেষ পর্যন্ত সেবার নামে চালাচ্ছে গোপন ঘুষ বাণিজ্য।

রোগীদের অভিযোগ, এখানে আয়া-ওয়ার্ডবয়দের টাকা না দিলে সেবা মেলে না। জরুরি ওষুধ হোক কিংবা দ্রুত চিকিৎসক দেখা, সবার আগে চাই 'বকশিশ'। এমনকি হাসপাতালের অভ্যন্তরে প্রেসক্রিপশন নিয়ন্ত্রণ, ইনজেকশন, টিকাদান সবকিছুর পেছনেই টাকার খেলা।

হাসপাতালে ভর্তি হওয়া এক রোগীর ছেলে হামিদুল ইসলাম জানান, "টাকা না দিলে মা'র চিকিৎসাই হয় না। ওরা বলে, টাকা দিলেই সব দ্রুত হবে। অনেক রোগী শুধু টাকা না থাকায় চিকিৎসা না পেয়ে বাড়ি ফিরে গেছেন। ছহিউদ্দীন ডিগ্রি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক ফররুখ আহম্মেদ উজ্জ্বল বলেন, "ঘুষ-চক্রের কারণে প্রাথমিক চিকিৎসার মান ভয়াবহভাবে নেমে গেছে। ওষুধ সময়মতো দেওয়া হয় না, ভুল ইনজেকশন পর্যন্ত দেওয়া হয়।" এক প্রবীণ রোগী হোসেন আলীর ছেলে বলেন, "টিকা নিতে বাবাকে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হয়েছে শুধু টাকার জন্য। এটা জীবন হানিকর।" রোগীর অপর এক স্বজন জানান, "সেবা নিতে এসে অনেকে মানসিকভাবে ভেঙে পড়েন। টাকা না দিলে রোগীদের সঙ্গে বাজে ব্যবহার করা হয়।" হাসপাতালের এক ওয়ার্ডবয় নাম প্রকাশ না করার শর্তে বলেন, "আমরা তো বেতন পাই না। মাস শেষে যা

২-এর পৃষ্ঠা দেখুন




## ৬ জুলাই : বিক্ষোভে উত্তাল দেশ, বাংলা ব্লকেড কর্মসূচি ঘোষণা

নিজস্ব প্রতিবেদক

২০২৪ সালের জুলাইয়ের শুরুতে কয়েকদিন ধরেই কোটা বিরোধী আন্দোলনে উত্তাল হয়ে ওঠে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়।

৬ জুলাই রাজধানীর শাহবাগ মোড়ে ওই দিন অবরোধ তুলে নেওয়ার আগে কোটা বিরোধী আন্দোলনকারীরা 'বাংলা ব্লকেড' কর্মসূচি ঘোষণা করেন। সারা বাংলাদেশ অবরোধ করার পরিকল্পনা থেকেই সেদিন এই কর্মসূচি ঘোষণা করা হয়। একই দাবিতে এইদিন সারাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর অধিকাংশ বিভাগে ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়েছিলেন শিক্ষার্থীরা।

২-এর পৃষ্ঠা দেখুন

### ছুটির নোটিশ

পবিত্র আশুরা উপলক্ষে আজ ৬ জুলাই রোববার দৈনিক আমাদের সূর্যোদয়'র সকল বিভাগ বন্ধ থাকবে। তাই আগামী কাল সোমবার পত্রিকা প্রকাশিত হবেনা

-সম্পাদক



## আজ পবিত্র আশুরা

নিজস্ব প্রতিবেদক

পবিত্র আশুরা আজ। আশুরা শব্দের অর্থ দশম। সৃষ্টির শুরু থেকে নানা ঘটনার কারণে হিজরি মহররম মাসের দশম দিনটি তাৎপর্যপূর্ণ। সবশেষ ফোরাত নদীর তীরে কারবালার প্রান্তরে শেষ নবি হজরত মুহাম্মদ (সা.)-এর দৌহিত্র হজরত হোসাইন (রা.)-এর শাহাদত বিশ্বব্যাপী মুসলমানদের কাছে শোক ও ত্যাগের মহিমাময় অনুষজ্ঞ।

এ দিনটিতে বিশ্বের মুসলমানদের মতো বাংলাদেশের মুসলমানরাও নামাজ-রোজাসহ বিভিন্ন নফল ইবাদত করে থাকেন। শিয়া সম্প্রদায় তাজিয়া মিছিল বের করে থাকে। দিনটি উপলক্ষ্যে জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে ইফা আয়োজন করেছে আলোচনা সভা ও দোয়া মাহফিল। আজ সরকারি ছুটির দিন। মহান আল্লাহতায়ালা এ দিনেই আরশ, কুরসি, লওহ, কলম, আসমান ও জমিন সৃষ্টি

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে সড়কের পাশে পড়ে থাকা ওয়ান শার্টারগান উদ্ধার

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলায় সড়কের পাশে পরিত্যক্ত অবস্থায় একটি ওয়ান শার্টারগান উদ্ধার করেছে সেনাবাহিনী। শনিবার ভোররাতে উপজেলার জুগিন্দা-পোড়াপাড়া সড়কের পাশ থেকে অস্ত্রটি উদ্ধার করা হয়।

সেনাবাহিনীর ২৭ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারির একটি টহলদল মেজর রাব্বির নেতৃত্বে অভিযান পরিচালনা করে অস্ত্রটি উদ্ধার করে। এই ঘটনায় সেনাবাহিনী বলেছে, অস্ত্রটি কোথা থেকে এবং কে বা কারা এটি সড়কের পাশে ফেলে গেছে তা জানতে তদন্ত শুরু করা হয়েছে। উদ্ধারকৃত ওয়ান শার্টারগান আইনানুগ প্রক্রিয়ার মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে হস্তান্তরের প্রক্রিয়াধীন রয়েছে। এ ব্যাপারে স্থানীয়রা উদ্বেগ প্রকাশ করেছেন। এলাকার একাধিক মানুষ জানান, এই ধরনের অস্ত্র উদ্ধার এলাকায় নিরাপত্তা নিয়ে প্রশ্ন উত্থাপন করে। তবে সেনাবাহিনীর দ্রুত পদক্ষেপ এবং অস্ত্র উদ্ধার তাদের মধ্যে একটি ধরণের স্বস্তি তৈরি করেছে। স্থানীয় প্রশাসন ও সেনাবাহিনী এই

২-এর পৃষ্ঠা দেখুন

## মুজিবনগরে ৬০ বোতল ফেনসিডিলসহ যুবক আটক

মুজিবনগর প্রতিনিধি



মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামে অভিযান চালিয়ে ৬০ বোতল ফেনসিডিলসহ তুষার আলী (২৮) নামে এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ। শুক্রবার দিবাগত রাতে এই অভিযান পরিচালনা করা হয়। গ্রেপ্তার তুষার আলী কোমরপুর ক্লাবপাড়ার বাসিন্দা ও আজিজুল হকের ছেলে।

বিশ্বনাথপুর পুলিশ ক্যাম্প সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে বিশ্বনাথপুর ক্যাম্পের ইনচার্জ এসআই হারুনুর রশিদের নেতৃত্বে পুলিশের একটি দল অভিযানে নামে। অভিযানে কোমরপুর গ্রামের ক্লাবপাড়া এলাকায় তুষার আলীর বাড়িতে হানা দেয় পুলিশ। অভিযানকালে তাকে হাতেনাতে আটক করা হয়। পরবর্তীতে তল্লাশি চালিয়ে তার ঘর থেকে ৬০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তুষার আলী মাদক ব্যবসায়ের সঙ্গে সম্পৃক্ত থাকার কথা স্বীকার করেছে বলে জানিয়েছে পুলিশ। উদ্ধারকৃত ফেনসিডিলগুলো তার নিজের হেফাজতে রেখেছিল এবং তা বিভিন্ন এলাকায় বিক্রির জন্য প্রস্তুত ছিল বলে জানায় পুলিশ। ঘটনার সত্যতা নিশ্চিত করে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) জানান, তুষার আলীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করা হয়েছে। তাকে শনিবার

২-এর পৃষ্ঠা দেখুন



## চারটা চোখে আলো নেই, কিন্তু মায়ের হৃদয়ে প্রজ্বলিত সাহসের সূর্য

নিজস্ব প্রতিবেদক

চারটি চোখের একটিও আলো দেখে না। কিন্তু তাদের পথ দেখাতে সামনে দাঁড়িয়ে আছেন একজন মা। যাঁর নিজের চোখেও নেই আলো, কিন্তু হৃদয়ে জ্বলছে সাহসের সূর্য, ভালোবাসার দীপ্তি। তিনি পারিছা খাতুন মেহেরপুরের গাংনী উপজেলার ভবানীপুর গ্রামের একজন দৃষ্টিহীন মা। একাই লড়ছেন চার সদস্যের প্রতিবন্ধী পরিবার নিয়ে। নিজে অন্ধ, স্বামী বুদ্ধি প্রতিবন্ধী, আর দুই পুত্রসন্তান পারভেজ (১০) ও হামিম (৭) দুজনেই জন্ম থেকেই অন্ধ। চরম অসহায়তা আর রাষ্ট্রীয় অবহেলার মাঝেও পারিছা খাতুন একাই গড়ে তুলছেন নিজের মতো করে এক প্রতিবন্ধী পৃথিবী যেখানে মা মানেই জীবন। পারিছা খাতুন বলেন,"আমি চোখে দেখি না, কিন্তু সন্তানের মুখের হাসি অনুভব করি। তার জন্যই তো বাঁচি। যতদিন বাঁচব, নিজের মতো করেই লড়ব।" বিয়ে হয়েছিল একই গ্রামের দিনমজুর, বুদ্ধি প্রতিবন্ধী শাহিনের সঙ্গে। সংসার শুরু হয় সীমাহীন সংকটে। সন্তানের জন্ম হয়, কিন্তু পরক্ষণেই ভেঙে পড়ে সব স্বপ্ন কারণ, কারোর চোখেই আলো নেই। এই পরিবারের জীবন চলে অনিয়মিত আয় আর কিছু সহানুভূতিশীল প্রতিবেশীর দয়ার ওপর ভর করে। অথচ এখনো পরিবারটির মাত্র একজন সদস্য প্রতিবন্ধী ভাতা কার্ড পেয়েছেন! চারজন সদস্যকে ঘিরে আছে শুধু বঞ্চনা, আর পারিছার অন্তহীন সংগ্রাম। প্রতিবেশী হাবিবুর রহমান বলেন, "ওর চোখে আলো না থাকলেও, সাহসে অনেক বড়। বাচ্চাদের আগলে রাখে পাহাড়ের মতো।" স্থানীয় রজব আলী বলেন, "এই পরিবারকে

২-এর পৃষ্ঠা দেখুন

.একাই লড়ছেন চার সদস্যের প্রতিবন্ধী পরিবার নিয়ে। নিজে অন্ধ, স্বামী বুদ্ধি প্রতিবন্ধী, আর দুই পুত্রসন্তান পারভেজ (১০) ও হামিম (৭) দুজনেই জন্ম থেকেই অন্ধ। চরম অসহায়তা আর রাষ্ট্রীয় অবহেলার মাঝেও পারিছা খাতুন একাই গড়ে তুলছেন নিজের মতো করে এক প্রতিবন্ধী পৃথিবী যেখানে মা মানেই জীবন।




## মাদক মামলার আসামির স্ত্রী-ছেলে গ্রেপ্তার, স্বামী পলাতক

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরে সেনাবাহিনী ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যৌথ অভিযানে ১৩০ গ্রাম হেরোইনসহ মাদক মামলার এক পলাতক আসামির স্ত্রী ও ছেলেকে আটক করা হয়েছে। শনিবার ভোরে শহরের ওয়াপদা পাড়ায় এই অভিযান পরিচালনা করা হয়।

আটক শিখা খাতুন শহরের মিয়া পাড়ার বাসিন্দা ও পুরাতন মাদক মামলার আসামি নূর নবীর স্ত্রী। তার ছেলে জাহিদও অভিযানে গ্রেপ্তার হন।

গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথ এবং সেনা ক্যাম্পের সার্জেন্ট প্রভাংশু প্রসাদ বালার নেতৃত্বে যৌথ টিম অভিযান চালায়।

অভিযানের সময় টের পেয়ে নূর

২-এর পৃষ্ঠা দেখুন

## ত্রয়োদশ সংশোধনীর মাধ্যমে ভোটাধিকার হরণ করা হয়েছে: অ্যাটর্নি জেনারেল

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের প্রধান আইন কর্মকর্তা অ্যাটর্নি জেনারেল মোঃ আসাদুজ্জামান বলেছেন, সংবিধানের ত্রয়োদশ সংশোধনীর মাধ্যমে দেশের মানুষের ভোটাধিকার হরণ করা হয়েছে। এই সংশোধনীর রায়ের মাধ্যমে দেশে 'দিনের ভোট রাতে দেওয়ার কালচার' চালু হয়েছে বলে মন্তব্য করেছেন তিনি।

সোমবার (৩০ জুন) বিকেলে মৌলভীবাজার জেলা আইনজীবী সমিতি আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। জেলা শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত এ সভায় তিনি আরও বলেন, "বাংলাদেশে অবিচারের বীজ রোপণ করা হয়েছে। খুনের

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে বিএনপির ৩১ দফা ভিত্তিক লিফলেট বিতরণ ও পথসভা

মেহেরপুর প্রতিনিধি

বিএনপির ঘোষিত ৩১ দফা জাতীয় রূপরেখা জনগণের মাঝে প্রচারের অংশ হিসেবে মেহেরপুরে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি পালিত হয়েছে।গতকাল শনিবার জেলা বিএনপির সদস্যসচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে পৌর শহরের বড়বাজার মোড় থেকে এ কর্মসূচি শুরু হয়ে শহরের হাসপাতাল মোড়ে গিয়ে শেষ হয়। এরপর ওয়াপদা মোড় চত্বরে এক পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় সংক্ষিপ্ত বক্তব্য দেন জেলা বিএনপির সদস্যসচিব

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

চাঁদাবাজি আর বোমাবাজি

(খবর :ছয় মাসে একুশ বোমা উদ্ধার)

প্রাণনাশের দিচ্ছে হুমকি<br>
সাথে থাকছে মৃত্যুর চিঠি<br>
সাবান গোলাপজল আর কি।<br>
বদলে ফেলেছে চোর ব্যাটারা<br>
চাঁদাবাজির ধরন<br>
পাঠাচ্ছে বাড়ি কাফনের কাপড়<br>
সামনে আসছে তোর মরন।<br>
গাংনির পুলিশ করছে না কিছু<br>
ফাঁকা বুলিই খুব সস্তা<br>
আমজনতা বলছে এখন<br>
সেনাবাহিনীতেই তাদের আস্থা।




## মহিলা দলের সঙ্গে মতবিনিময়ে মিল্টন

গাংনী প্রতিনিধি

বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দল, গাংনী উপজেলা শাখার নেত্রীদের সঙ্গে এক মতবিনিময় সভায় অংশ নিয়েছেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক ও গাংনীর গণমানুষের নেতা জনাব জাভেদ মাসুদ

২-এর পৃষ্ঠা দেখুন



## শ্যামপুরে বিএনপির গণসংযোগ ও পথসভা

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)'র উদ্যোগে গণসংযোগ ও পথসভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে শ্যামপুর স্কুল মাঠে আয়োজিত এ পথসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। তিনি বলেন, "বর্তমান সরকার মানুষের ভোটাধিকার হরণ করেছে। দেশের গণতন্ত্র

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচন বিলম্বিত করতে ইস্যু তৈরি করা হচ্ছে আবুল খায়ের ভূঁইয়া

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির কেন্দ্রীয় নেতৃবৃন্দ বলেছেন, দেশে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনকে বিলম্বিত ও প্রশ্নবিদ্ধ করার উদ্দেশ্যে পরিকল্পিতভাবে নানা ইস্যু তৈরি করা হচ্ছে। শনিবার (৫ জুলাই) দুপুরে লক্ষ্মীপুর সদর উপজেলার বশিকপুর ইউনিয়ন বিএনপির ওয়ার্ড প্রতিনিধি নির্বাচন পরিদর্শনকালে এ মন্তব্য করেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার উপদেষ্টা ও জেলা বিএনপির সাবেক সভাপতি আবুল খায়ের ভূঁইয়া।

তিনি বলেন, "নির্বাচন যাতে যথাসময়ে না হয়, সে জন্য নানা

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে উল্টোরথে রথযাত্রার পরিসমাপ্তি

মেহেরপুর প্রতিনিধি

রথযাত্রার ধারাবাহিকতা রক্ষা করে মেহেরপুরে এবারও ধর্মীয় উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে সম্পন্ন হলো উল্টোরথ যাত্রা।গতকাল শনিবার বিকেলে অনুষ্ঠিত এ যাত্রার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে শেষ হয় রথযাত্রার আয়োজন।

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ রোববার ॥ ২২ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ৬ জুলাই ২০২৫ইং

# বৃষ্টিতে শহড়াতলা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের দুর্ভোগ চরমে



গাংনী প্রতিনিধি

গাংনীর শহড়াতলা সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বর সামান্য বৃষ্টিতেই জলাবদ্ধ হয়ে পড়েছে। গতকাল শনিবার পুরো স্কুল মাঠ এবং আশপাশের এলাকা হাঁটুসমান পানিতে তলিয়ে গেছে। এতে বিদ্যালয়ে স্বাভাবিক পাঠদান ব্যাহত হচ্ছে এবং শিক্ষার্থীদের দুর্ভোগ চরমে পৌঁছেছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বিদ্যালয় চত্বরজুড়ে পানি জমে থাকায় ছোট ছোট শিক্ষার্থীরা পা ভিজিয়ে ক্লাসে যেতে বাধ্য হচ্ছে। স্থানীয় এক অভিভাবক জানান, "প্রতিদিন সকালে সন্তানকে নিয়ে পানি ভেঙে স্কুলে যেতে হবে। এই ছোট্ট বাচ্চারা ভিজে ক্লাস করবে। এটা খুবই কষ্টকর। বিদ্যালয় কর্তৃপক্ষ জানায়, জলাবদ্ধতা দীর্ঘদিনের সমস্যা। পানি নিষ্কাশনের পর্যাপ্ত ব্যবস্থা না থাকায় একটু বৃষ্টি হলেই পানি জমে থাকে। এ বিষয়ে একাধিকবার সংশ্লিষ্ট দপ্তরে জানানো হলেও এখনো

৩-এর পৃষ্ঠা দেখুন



## নাকের অ্যালার্জির উপসর্গ

সূর্যোদয় প্রতিবেদন

নাকের অ্যালার্জি সবার কাছে একটি অতি পরিচিত নাম। এটি একটি জটিল রোগ যা কিনা মানুষের জীবনকে কষ্টদায়ক করে তোলে। যে কোনো বয়সের মানুষ এ রোগে আক্রান্ত হতে পারে। বিশেষ করে শীতের শেষে অ্যালার্জি রোগীদের আরও সতর্ক হতে হবে। এছাড়া আবহাওয়ায় শুরু হয়েছে ঋতু পরিবর্তনের খেলা। এখন অ্যালার্জির কারণে হাঁচির উপদ্রব হবে এবং এক সময় তা শ্বাসকষ্টেও রূপ নিতে পারে। নাকের অ্যালার্জিকে চিকিৎসাবিজ্ঞানের ভাষায় অ্যালার্জিক রাইনাটিস বলা হয়। যার অর্থ হচ্ছে অ্যালার্জিজনিত নাকে প্রদাহ। সাধারণত অ্যালার্জি সৃষ্টিকারী উপাদানগুলো মানুষের শ্বাস-প্রশ্বাসের সঙ্গে শ্বাসনালিতে প্রবেশ করলে অ্যালার্জির উদ্ভব হয়। অ্যালার্জি সৃষ্টিকারী পদার্থকে অ্যালার্জিন বলা হয়।

অ্যালার্জিক রাইনাইটিসের কারণ : নানা ধরনের অ্যালার্জন যা সচরাচর বা ঋতু পরিবর্তনের কারণে বাইরে দেখা যায়। ঘরে বা অফিসে জমে থাকা পুরোনো ধুলাবালি, পরাগ রেণু, পোষা প্রাণীর পশম বা চুল। নানা ধরনের ছত্রাক, ভাইরাস বা ব্যাকটিরিয়া ইত্যাদির কারণেও নাকে অ্যালার্জি হয়। বংশগত কারণে অনেক সময় এ রোগ হয়ে থাকে। কারও বাবা-মা বা ভাইবোনের এ রোগ থাকলে তার দেহেও এ রোগ সংক্রমিত হতে পারে। আবহাওয়া বা বাতাসের আর্দ্রতার তারতম্যের কারণেও এ রোগ হতে পারে। বিভিন্ন ধরনের অ্যালার্জি জাতীয় খাদ্য যেমন : চিংড়ি, ইলিশ মাছ, ডিম, পাকা কলা, গরুর মাংস, বেগুন, দুধ, তামাক ইত্যাদি গ্রহণ করলেও অ্যালার্জি হয়।

৩-এর পৃষ্ঠা দেখুন

## জুলাই নিয়ে ফেসবুক পোস্ট, পুলিশ সদস্য বরখাস্ত

সূর্যোদয় প্রতিবেদন



কুষ্টিয়ায় সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে জুলাই মাস নিয়ে আপত্তিকর পোস্ট করার অভিযোগে ট্রাফিক পুলিশের সদস্য ফারজুল ইসলাম রনিকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। আজ শনিবার দুপুরে পুলিশ সুপার মো. মিজানুর রহমান এ তথ্য নিশ্চিত করেন। গত ১ জুলাই ফারজুল ইসলাম তার ব্যক্তিগত ফেসবুক অ্যাকাউন্ট থেকে একটি আপত্তিকর পোস্ট করেন। এ ঘটনায় স্থানীয় ছাত্র আন্দোলনের নেতা-কর্মীরা পুলিশ সুপারের কার্যালয় ঘেরাও করে কুষ্টিয়া-ঈশ্বরদী মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন এবং দৃষ্টান্তমূলক শাস্তির দাবি তোলেন। ঘটনার দিন রাতেই তার ছুটি বাতিল করে তাকে পুলিশ লাইনে সংযুক্ত

৩-এর পৃষ্ঠা দেখুন

## পুরোনো খেলায় নতুন প্লেয়ার হতে আসিনি, খেলার নিয়ম বদলাতে এসেছি: নাহিদ ইসলাম

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, "আমরা পুরোনো খেলায় নতুন প্লেয়ার হতে আসিনি, আমরা খেলার নিয়ম বদলাতে এসেছি। রাজনীতির নিয়ম বদলাতে হবে, সংস্কার আনার মাধ্যমে একটি স্বচ্ছ ও গণতান্ত্রিক ব্যবস্থা গড়ে তুলতে হবে।"

শনিবার (৫ জুলাই) বগুড়ায় অনুষ্ঠিত পথযাত্রা ও পথসভায় তিনি এসব কথা বলেন। বিচার, সংস্কার ও নতুন সংবিধানের দাবিতে আয়োজিত এই কর্মসূচিতে অংশগ্রহণ করে এনসিপির নেতাকর্মীরা।

নাহিদ ইসলাম বলেন, "আমরা

২-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগরে নতুন নেতৃত্বে আইবিডব্লিউএফ

মুজিবনগর প্রতিনিধি

মুজিবনগরে অনুষ্ঠিত হলো ইন্ডাস্ট্রিয়ালিস্ট অ্যান্ড বিজনেসম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশন (আইবিডব্লিউএফ) উপজেলা শাখার দ্বিবার্ষিক ব্যবসায়ী সম্মেলন-২০২৫। শনিবার (৫ জুলাই) সকালে আয়োজিত এই সম্মেলনে সভাপতিত্ব করেন উপজেলা শাখার সভাপতি মো. সেলিম হোসেন খান।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইবিডব্লিউএফ মেহেরপুর

৩-এর পৃষ্ঠা দেখুন

## বন্দরে নৌপরিবহন উপদেষ্টাকে অবাঞ্ছিতের হুমকি পরে ক্ষমা প্রার্থনা

সূর্যোদয় প্রতিবেদন

চট্টগ্রাম বন্দর জাতীয়তাবাদী শ্রমিক দলের উদ্যোগে নিউমুরিং কনটেইনার টার্মিনালের (এনসিটি) বিষয়ে নৌপরিবহন উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এম সাখাওয়াত হোসেনকে অবাঞ্ছিতের হুমকি দেন সাবেক সিবিএ নেতা মোঃ হুমায়ুন কবীর। গত ২৮ জুন চট্টগ্রাম বন্দর এলাকায় নৌ-পরিবহন মন্ত্রণালয়ের উপদেষ্টার উদ্দেশে অসৌজন্যমূলক কটূক্তি করে চট্টগ্রাম বন্দরে তাকে অবাঞ্ছিত ঘোষণা দিয়ে বক্তব্য দেন ওই শ্রমিক দল নেতা। পরে এ বক্তব্যের জন্য ক্ষমা প্রার্থনা করেন তিনি।

জানা যায়, গত ২৮ জুন চট্টগ্রাম

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় ট্রাকচাপায় ইজিবাইক চালকসহ নিহত ৩

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় তেলবাহী ট্রাকের চাপায় ইজিবাইকের চালকসহ তিনজন নিহত ও আরও চারজন হয়েছেন। শুক্রবার (৪ জুলাই) রাত ১০ টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলার জাফরপুর এলাকায় বিজিবি-৬ ব্যাটালিয়ন ক্যাম্পসংলগ্ন সড়কে এই দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- সদর উপজেলার নেহালপুর ইউনিয়নের হিজলগাড়ী গ্রামের আসকার আলীর মেয়ে মোছা. মাছুরা (৫৯) ও চুয়াডাঙ্গা পৌর শহরে মুসলিমপাড়ার আলী মুন্সীর ছেলে আবু তালেব (৬৫)। আর সদর

৩-এর পৃষ্ঠা দেখুন



## তিন মাস পর মরদেহ ফেরত দিল বিএসএফ

ঝিনাইদহ প্রতিনিধি

ভারতের সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) এর গুলিতে নিহত বাংলাদেশি যুবক ওয়াসিম আকরামের (২৮) মরদেহ ঘটনার প্রায় তিন মাস পর বাংলাদেশে ফেরত পাঠিয়েছে। গতকাল শনিবার দুপুর সাড়ে ১২টার দিকে ঝিনাইদহের মহেশপুর উপজেলার মেইন সীমান্ত পিলার ৬০ এর কাছে বিজিবি ও বিএসএফ কর্মকর্তাদের উপস্থিতিতে মরদেহ হস্তান্তর করা হয়। নিহত ওয়াসিম আকরাম ঝিনাইদহের মহেশপুর উপজেলার বাঘাডাঙ্গা গ্রামের রমজান আলীর ছেলে।

মহেশপুর ৫৮ বিজিবি ব্যাটালিয়নের সহকারী পরিচালক ও ভারপ্রাপ্ত

৩-এর পৃষ্ঠা দেখুন

## গাজায় 'নিজেদের গুলিতে' ৩১ ইসরায়েলি সেনা নিহত

সূর্যোদয় প্রতিবেদন

ফিলিস্তিনের গাজায় চলমান ইসরায়েলি সামরিক অভিযানে নিজেদের ভুলে ছোড়া গুলিতেড় অর্থাৎ 'ফ্রেন্ডলি ফায়ারে' প্রাণ হারিয়েছেন অন্তত ৩১ ইসরায়েলি সেনা। শুক্রবার ইসরায়েলি সেনাবাহিনীর ঘনিষ্ঠ একটি গণমাধ্যম 'ইসরায়েল আর্মি রেডিও' এ তথ্য প্রকাশ করে।

প্রতিবেদনে বলা হয়, ২০২৩ সালের অক্টোবর থেকে গাজায় ইসরায়েলের স্থল অভিযান শুরু হওয়ার পর থেকে এখন পর্যন্ত নিহত হয়েছেন অন্তত ৮৮২ সেনা। এদের মধ্যে ৭২ জন নিহত হয়েছেন অভিযান চলাকালে বিভিন্ন দুর্ঘটনায়, যা মোট সেনা মৃত্যুর প্রায় ১৬ শতাংশ। এর মধ্যে ৩১ জন 'ফ্রেন্ডলি ফায়ার'-এর শিকার হন, ২৩ জন নিহত হন গোলাবারুদের দুর্ঘটনায়, ৭ জন সাঁজোয়া যানচাপায় এবং ৬ জন

৩-এর পৃষ্ঠা দেখুন



## শিশুরা আলোকিত হচ্ছে কুরআনের আলোয়

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার মথুরাপুর ইউনিয়নের হোসেনাবাদ কান্দির পাড়া প্রধান জামে মসজিদের উদ্যোগে গড়ে ওঠা মক্তব এখন স্থানীয় শিশু-কিশোরদের জন্য দ্বীনি শিক্ষার অন্যতম আলোকবর্তিকা হয়ে উঠেছে। প্রায় পাঁচ বছর আগে মাত্র কয়েকজন শিক্ষার্থী নিয়ে যাত্রা শুরু করা এই শিক্ষাপ্রতিষ্ঠান বর্তমানে শতাধিক শিক্ষার্থীর একটি প্রাণবন্ত কেন্দ্র।

প্রতিদিন আসরের নামাজের পর নিয়মিতভাবে এখানে কুরআন তিলাওয়াত, হাদিস অধ্যয়ন এবং ইসলামী আদর্শভিত্তিক শিক্ষা দেওয়া হয়। ইতোমধ্যে অর্ধ শতাধিক শিক্ষার্থী কুরআন শিক্ষায় দক্ষতা অর্জন

৩-এর পৃষ্ঠা দেখুন

## দাবানলে পুড়ছে তুরস্ক

সূর্যোদয় প্রতিবেদন

তুরস্কের পশ্চিমাঞ্চলে ভয়াবহ দাবানলে জ্বলছে বিস্তীর্ণ বনাঞ্চল ও আবাসিক এলাকা। গত এক সপ্তাহে দেশটির ইজমিরসহ বিভিন্ন প্রদেশে ছড়িয়ে পড়া অগ্নিকাণ্ডে প্রাণ হারিয়েছেন অন্তত দুইজন। দাবানলের পেছনে মানবসৃষ্ট কারণের সম্ভাবনা উড়িয়ে না দিয়ে ইতোমধ্যেই সংশ্লিষ্টতার অভিযোগে ১০ জনকে গ্রেফতার করেছে কর্তৃপক্ষ। আরও ১৫ জন সন্দেহভাজনের বিরুদ্ধে তদন্ত অব্যাহত রয়েছে।

দুর্যোগ পরিস্থিতি এবং সরকারের অবস্থান নিয়ে বিস্তারিত তথ্য জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আলি ইয়েরলিকায়া। শুক্রবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে তিনি বলেন, "দেশজুড়ে ছড়িয়ে পড়া দাবানলের তদন্তে আমরা ১০ জনকে গ্রেফতার করেছি। তদন্তে পাওয়া প্রমাণের ভিত্তিতে আরও ১৫

৩-এর পৃষ্ঠা দেখুন

## অস্ট্রেলিয়ায় ইহুদি উপাসনালয়ে অগ্নিসংযোগ

সূর্যোদয় প্রতিবেদন

অস্ট্রেলিয়ার মেলবোর্ন শহরের একটি ইহুদি উপাসনালয়ে (সিনাগগ) অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। শুক্রবার (৪ জুলাই) রাতে এ হামলার ঘটনা ঘটে। সিনাগগে আগুন দেওয়ার এই ঘটনার নিন্দা জানিয়েছে দেশটির সরকার ও ইহুদি সম্প্রদায়। একই সঙ্গে

৩-এর পৃষ্ঠা দেখুন

## পৃথিবীর ঘূর্ণনের গতি বাড়ছে, জুলাই ও আগস্টে তিনটি দিন হবে একটু ছোট

সূর্যোদয় প্রতিবেদন



পৃথিবী প্রতিদিন একবার করে নিজ অক্ষের চারপাশে ঘোরে। এভাবেই দিন-রাত হয়। তবে এবার বিজ্ঞানীরা জানাচ্ছেন, এই জুলাই ও আগস্ট মাসে তিনটি দিন অন্য দিনের চেয়ে একটু ছোট হবে। কারণ, ওই দিনগুলোতে পৃথিবী স্বাভাবিকের চেয়ে একটু বেশি জোরে ঘুরবে। বিশেষ করে ৯ জুলাই, ২২ জুলাই ও ৫ আগস্টড়এই তিন দিন পৃথিবী এতটাই দ্রুত ঘুরবে যে, প্রতিটি দিন গড় দিনের চেয়ে ১.৫১ মিলিসেকেন্ড (এক সেকেন্ডের হাজার ভাগের দেড় ভাগ) কম দীর্ঘ হবে। এই পরিবর্তন খুব ছোট, কিন্তু বৈজ্ঞানিক দিক থেকে এটা গুরুত্বপূর্ণ। বিশেষজ্ঞরা বলছেন, পৃথিবীর ভেতরের অংশে কিছু পরিবর্তন, মেরু অঞ্চলের বরফ গলে ভরের (ওজনের) নতুন করে বণ্টন, এবং এল নিনো বা লা নিনো নামের আবহাওয়ার ঘটনাগুলো এর পেছনে কারণ হতে পারে। এমনকি চাঁদের অবস্থানও এর সঙ্গে জড়িত থাকতে পারে। বিজ্ঞানী লিওনিদ জোটভ বলছেন, এই গতি বেড়ে যাওয়ার সঠিক কারণ আমরা এখনো জানি না। আমাদের ধারণা, এটা পৃথিবীর ভেতরের কোনো পরিবর্তনের কারণে ঘটছে।অন্য এক বিজ্ঞানী জুডাহ লেভিন বলছেন, আমরা আগে ভেবেছিলাম পৃথিবী ধীরে

৩-এর পৃষ্ঠা দেখুন

## বেনজীরের সেই আলিশান বাড়ির বাসিন্দা এখন কেয়ারটেকার আর দুই কুকুর


সূর্যোদয় প্রতিবেদন

নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার আনন্দ হাউজিং সোসাইটিতে অবস্থিত দেশের সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের গড়া এক আলিশান ডুপ্লেক্স বাড়ি আজ যেন একেবারে নীরব ও পরিত্যক্ত এক স্থাপনা। যেখানে একসময় প্রশাসনের সর্বোচ্চ মহলের তৎপরতা ও উপস্থিতি ছিল চোখে পড়ার মতো, এখন সেখানে দিন কাটে শুধু দুজন কেয়ারটেকার ও তার দেখভালে থাকা দুটি কুকুরের।

রূপগঞ্জের দক্ষিণবাগ এলাকার গুতিয়াব মৌজার 'আনন্দ হাউজিং সোসাইটি'-তে নির্মিত এ বাড়িটি ২৪ কাঠা জমির ওপর নির্মিত। ২০২২ সালের দিকে নির্মাণকাজ শেষ হওয়ার পর থেকে এটি ব্যবহৃত হতো বেনজীর আহমেদের ব্যক্তিগত 'রিসোর্ট হাউজ' হিসেবে। তার অবসরের সময় তিনি এখানে রাতযাপন করতেন, পরিবার-পরিজন ও অতিথিদের নিয়ে আসতেন।

সরেজমিনে গিয়ে দেখা গেছে, ডুপ্লেক্স বাড়িটির প্রধান দুটি ফটকে তালা ও সিলগালা ঝুলছে। বাড়ির ভেতরের আসবাবপত্র আগের মতোই রয়েছে, তবে বাহ্যিক সৌন্দর্য হারাতে শুরু করেছে। লাগানো গাছগুলোর পরিচর্যা এখন অনিয়মিত, ফলে ঝোপঝাড়ে পরিণত হয়েছে। কেয়ারটেকার ছাড়া কেউ বাড়ির ভেতরে প্রবেশ করেন না।তবে ২০২৪ সালের ২৩ মে দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনে আদালত বেনজীর আহমেদের নামে থাকা ৮৩টি দলিলের সম্পত্তি, ৩৩টি ব্যাংক হিসাব, ১১৯টি জমির দলিল, ২৩টি কোম্পানির

৩-এর পৃষ্ঠা দেখুন



ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, রোরবার, ৬ জুলাই ২০২৫ ইং

## একটি দোকানের জটে থমকে কোটি টাকার উন্নয়ন!

মেহেরপুর-কুষ্টিয়া ফোরলেন সড়ক উন্নয়ন প্রকল্প দক্ষিণ-পশ্চিমাঞ্চলের যোগাযোগ ব্যবস্থায় যুগান্তকারী পরিবর্তন আনতে পারত। কিন্তু গাংনী বাসস্ট্যান্ড এলাকায় প্রায় এক বছর ধরে জমি-সংক্রান্ত জটিলতার কারণে এই গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ থমকে আছে। ‘মালেক স্টোর’ উচ্ছেদের পরও ‘মফিজ ফল ও মিস্টান্ন ভান্ডার’ নামের একটি দোকান অপসারণ না হওয়ায় পুরো নির্মাণপ্রক্রিয়া আজ স্থবির। শুধু তাই নয়, এর ফলে ওই এলাকাটি বর্তমানে একটি ঝুঁকিপূর্ণ ‘দুর্ঘটনার ফাঁদ’-এ পরিণত হয়েছে। প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা সড়ক ও জনপথ বিভাগ (সওজ) দাবি করছে, সংশ্লিষ্ট জমি তাদের মালিকানাধীন এবং এ বিষয়ে ১২ মার্চ জেলা পরিষদকে যৌথ জরিপের আহ্বান জানিয়েও কোনো সাড়া পায়নি। অন্যদিকে জেলা পরিষদের দাবি, এটি তাদের সম্পত্তি এবং নিয়ম অনুযায়ী ইজারা প্রদান করা হয়। এই দৃষ্টিকোণগত বিভেদ ও সমন্বয়হীনতার বলি হচ্ছে সাধারণ জনগণ।স্থানীয় বাসিন্দা, ব্যবসায়ী ও পথচারীদের বক্তব্য স্পষ্ট করে দেয় এ উন্নয়নকাজের বিলম্ব শুধু ক্ষোভ নয়, আশঙ্কাও সৃষ্টি করেছে। প্রতিদিন হাজারো মানুষ এই পথে চলাচল করে; এমন অবস্থায় অব্যবস্থাপনা ও দীর্ঘসূত্রতা ভবিষ্যতে প্রাণঘাতী দুর্ঘটনার কারণ হয়ে উঠতে পারে।

আমরা দেখতে পাচ্ছি, প্রশাসনের একাধিক পক্ষ সওজ, জেলা পরিষদ এবং স্থানীয় প্রশাসন সবাই একে অপরকে দায়ী করলেও প্রকৃত সমস্যার সমাধানে কেউই কার্যকর পদক্ষেপ নিচ্ছে না। একটি ক্ষুদ্র দোকান অপসারণ নিয়ে টালবাহানা চলতে থাকলে কেবল প্রকল্প নয়, সরকারকেও প্রশ্নের মুখে পড়তে হয়। এই পরিস্থিতিতে আমাদের দৃঢ় মত হলো অবিলম্বে তিন পক্ষের মধ্যে সমন্বয় করে যৌথ জরিপ পরিচালনা, প্রকৃত জমির মালিকানা নির্ধারণ এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে জেলা প্রশাসকের নেতৃত্বে জরুরি বৈঠক আয়োজন করা যেতে পারে। একইসঙ্গে, প্রকল্প সংশ্লিষ্ট যেকোনো প্রকার পক্ষপাত, স্বার্থ সংশ্লিষ্টতা বা প্রভাবশালী মহলের হস্তক্ষেপ খতিয়ে দেখা জরুরি। উন্নয়ন প্রকল্প শুধু অবকাঠামো নয়, এটি মানুষের আস্থা ও রাষ্ট্রের সক্ষমতার প্রতীক। একটি দোকানের কারণে কোটি টাকার প্রকল্প থেমে যাওয়া সেই প্রতীকে কালিমা লেপন করে। এ থেকে বেরিয়ে আসার দায়িত্ব শুধু একপক্ষের নয়ড়এটি একটি প্রশাসনিক সচেতনতা ও দায়বদ্ধতার পরীক্ষা।

## ৬ জুলাই : বিক্ষোভে উত্তাল দেশ

২০২৪ সালের ৬ জুলাই আন্দোলনকারীরা শাহবাগ মোড় এক ঘণ্টার মতো অবরোধ করে রাখেন। পরে বিকেল সাড়ে পাঁচটার দিকে সেখান থেকে সরে যান তারা। এরপর শাহবাগ মোড় দিয়ে যান চলাচল শুরু হয়।

৬ জুলাই পর্যন্ত আন্দোলনকারীদের কর্মসূচি ছিল শুধুমাত্র বিক্ষোভ মিছিল। ৪ জুলাই কোটা সংক্রান্ত হাইকোর্টের শুনানি পিছিয়ে দেওয়া হয়। এ রায়ের ক্ষেত্রে আদালতের দীর্ঘসূত্রতা পরিলক্ষিত হচ্ছিল। আন্দোলন ও শিক্ষার্থীদের মতামতকে গুরুত্ব না দিয়ে তা অবজ্ঞার চোখে দেখা হচ্ছিল। এছাড়াও শাহবাগে অবরোধ চলাকালে গাড়িগুলো পাশ কাটিয়ে চলে যাচ্ছিল। তাতে আন্দোলনের প্রভাব প্রত্যাশা অনুযায়ী পূরণ হচ্ছিল না। তখন আন্দোলনকারীরা চিন্তা করেন আরেকটু বড় পরিসরে কিছু করতে হবে। এমন চিন্তা থেকে ‘বাংলা ব্লকেড’ কর্মসূচি ঘোষণা করেন আন্দোলনকারীরা। ইতোমধ্যে রাজধানী ঢাকার অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরাও আন্দোলনে যুক্ত হয়ে যান।

অবরোধ তুলে নিয়ে ‘বাংলা ব্লকেড’ কর্মসূচির ঘোষণা দিয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক নাহিদ ইসলাম বলেন, ‘আগামীকাল বিকাল তিনটা থেকে ‘বাংলা ব্লকেড’ কর্মসূচি ঘোষণা করা হলো। শুধু শাহবাগ মোড় নয়, শাহবাগ ও ঢাকা শহরের সায়েন্সল্যাব, চানখাঁরপুল, নীলক্ষেত, মতিঝিলসহ প্রতিটি পয়েন্টে বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোর শিক্ষার্থীরা নেমে এসে কর্মসূচি সফল করবেন। ঢাকার বাইরের জেলা ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীরা মহাসড়ক অবরোধ করবেন।’

তিনি বলেন, ‘সরকার মনে করছে আমরা দুই-তিনদিন রাস্তা অবরোধ করে ক্লান্ত হয়ে ঘরে ফিরে যাব। সরকারের এই ধারণা যে ভুল সেটি আমাদের প্রমাণ করে দিতে হবে।

আমরা এখন পর্যন্ত শান্তিপূর্ণভাবে অবরোধ কর্মসূচি চালিয়ে যাচ্ছি প্রয়োজনে আমরা হরতাল দিতে বাধ্য হব। ২০১৮ সালে প্রধানমন্ত্রী যেখানে আমাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, কোটা থাকবে না, সেই কোটা এখন কেন ফিরে আসল এর জবাব আমরা চাই। শুধু প্রথম এবং দ্বিতীয় শ্রেণির চাকরিতেই নয় তৃতীয় এবং চতুর্থ শ্রেণির চাকরিতেও কোটার বৈষম্য দূর করতে হবে।’

ছাত্র ধর্মঘট ও ক্লাস-পরীক্ষা বর্জন কর্মসূচিতে ইতোমধ্যে ব্যাপক সাড়া পড়েছে উল্লেখ করে তিনি বলেন, ‘শিক্ষকরা ক্লাসে ফিরে গেলেও দাবি আদায় না হওয়া পর্যন্ত আমরা ক্লাসে ফিরে যাব না।’

‘বাংলা ব্লকেড’ কর্মসূচি ঘোষণার আগের রাতে কার্জন হলের হোয়াইট হাউসের সিঁড়িতে বসে আন্দোলনের সংগঠকরা বৈঠক করে ‘বাংলা ব্লকেড’ নাম চূড়ান্ত করেন। এই কর্মসূচি কীভাবে সফল করা যায়, কোন কোন পয়েন্টে কোন কোন প্রতিষ্ঠান থাকবে, কোন পয়েন্টে কোন হল থাকবে, তা নিয়েও সেখানে আলোচনা হয়। বৈঠক থেকে প্রতিটি হলের প্রতিনিধিদের দায়িত্বও ভাগ করা হয়।

ঢাকা ও ইডেন কলেজের শিক্ষার্থীরা নীলক্ষেত-সায়েন্সল্যাবে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা জিরো পয়েন্টে এবং বোরহানুদ্দীন কলেজের শিক্ষর্থীরা চানখাঁরপুলে ব্লকেড কর্মসূচি পালন করবে। এদিকে আন্দোলনকারীরা চিন্তা করেন যে সকল শিক্ষা প্রতিষ্ঠান আন্দোলনে যুক্ত হয়েছে তাদের সবাইকে শাহবাগে নিয়ে আসার প্রয়োজন নেই। ইতোমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্দোলনে সাধারণ শিক্ষার্থীদের সমাগমও যথেষ্ট বড় হচ্ছিল।

ওইদিন বিকাল সোয়া তিনটার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের সামনে থেকে ‘বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন’ ব্যানারে মিছিল বের করা হয়। মিছিলটি ক্যাম্পাসের শ্যাডো ও মল চত্বর প্রদক্ষিণ করে মাস্টারদা সূর্যসেন হল ও হাজী মুহম্মদ মুহসীন হলের সামনে দিয়ে স্মৃতি চিরন্তন চত্বর, টিএসসি ও বকশী বাজার হয়ে বুয়েট ক্যাম্পাসের ভেতর দিয়ে পলাশী ও আজিমপুর এলাকা ঘুরে ফের ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ভেতর দিয়ে শাহবাগ মোড়ে এসে বিক্ষোভ করেন।

এর আগেই আন্দোলনকারীদের একটি অংশ শাহবাগ জাতীয় জাদুঘরের সামনের সড়কে মূল মিছিল আসার জন্য অপেক্ষা করছিলেন। মূল মিছিলটি চারুকলা অনুষদের সামনে আসতেই জাদুঘরের সামনে অপেক্ষমান শিক্ষার্থীরা ৪টা ৩৭ মিনিটে শাহবাগ মোড় অবরোধ করেন। এরপর তারা বিভিন্ন স্লোগান দিয়ে ৫০ মিনিট এ অবরোধ কর্মসূচি পালন করেন।

একই দিন ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সবগুলো পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোটাবিরোধী শিক্ষার্থী ও চাকরি প্রত্যাশীরা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেন। এর পাশাপাশি বিক্ষুব্ধ শিক্ষার্থীরা ঢাকা, টাঙ্গাইল, রাজশাহী, রংপুর, কুষ্টিয়া ও চট্টগ্রামে সড়ক ও মহাসড়ক অবরোধ করেন।

২০২৪ সালের ৬ জুলাই কোটা সংস্কার আন্দোলনের সঙ্গে জড়িত থাকা ও সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে কোটা আন্দোলন নিয়ে পোস্ট দেওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজবিজ্ঞান ডিবেটিং ক্লাবের সাধারণ সম্পাদক মোশাররফকে অব্যাহতি দেওয়া হয়। মোশাররফ বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের ১৯-২০ সেশনের শিক্ষার্থী।

ওইদিন রাজধানীর তাঁতিবাজার মোড় অবরোধ করে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। দুই ঘণ্টা পর বিকেল পাঁচটায় শিক্ষার্থীরা তাঁতিবাজার মোড় ত্যাগ করে মিছিল নিয়ে জবি ক্যাম্পাসে ফিরে যান। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে বিকেল সাড়ে ৩টা থেকে ‘বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন’ড়এর ব্যানারে একটি বিক্ষোভ মিছিল নিয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে গিয়ে শিক্ষার্থীদের কাছে আন্দোলনের বার্তা পৌঁছে দেন বিক্ষোভকারীরা। এ সময় তারা বিকেল ৩টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধের ঘোষণা দেন।

এইদিন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকীর আয়োজন উপেক্ষা করে কোটা পদ্ধতি সংস্কারের দাবিতে বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি পালন করেন সাধারণ শিক্ষার্থীরা।

বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্যারিস রোড থেকে মিছিল নিয়ে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে ঢাকা-রাজশাহী মহাসড়ক অবরোধ করেন তারা। বিক্ষোভ চলে দুপুর ১২টা পর্যন্ত।

এদিকে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা কোটা ব্যবস্থা বাতিলের দাবিতে ঢাকা-টাঙ্গাইল মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ সমাবেশ করেন।

দুপুর ১২টা পর্যন্ত দুই ঘণ্টাব্যাপী তারা এ বিক্ষোভ সমাবেশ করেন।

৬ জুলাই ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বেলা ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকসংলগ্ন কুষ্টিয়া-খুলনা মহাসড়ক অবরোধ করেন। অবরোধ চলাকালে মুষলধারে বৃষ্টি শুরু হলেও শিক্ষার্থীরা বৃষ্টি উপেক্ষা করে অবরোধ চালিয়ে যান। এর আগে বেলা সাড়ে ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের অনুষদ ভবনসংলগ্ন বটতলা থেকে পদযাত্রা শুরু করেন শিক্ষার্থীরা।

চট্টগ্রামের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা দ্বিতীয় দিনের মতো নগরীর সড়ক অবরোধ করেন। এইদিন বিকাল ৫টার দিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) শাটল ট্রেনে এসে নগরীর ষোলশহর স্টেশনে অবস্থান নেন। এর সাথে যুক্ত হন চট্টগ্রামের অন্যান্য প্রতিষ্ঠানের বিপুলসংখ্যক শিক্ষার্থী।

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দুপুর ১২টায় রংপুরের মডার্ন মোড়ে রংপুর-ঢাকা মহাসড়ক অবরোধ করেন। দেড় ঘণ্টা অবরোধ শেষে দুপুর পৌনে ২টার দিকে দাবি আদায় না হওয়া পর্যন্ত ক্লাস-পরীক্ষা বর্জনের ঘোষণা দিয়ে অবরোধ তুলে নেন শিক্ষার্থীরা।

# নারীরা কেন থেমে থাকবে?

উম্মে তানিয়া নীনা অনুরাগী



ধরো, তুমি স্কুলে যাচ্ছো। ক্লাসে শিক্ষক জিজ্ঞেস করলেন, “বলতো, বড় হয়ে তুমি কী হতে চাও?”

কেউ বলল, “ডাক্তার!”

কেউ বলল, “ইঞ্জিনিয়ার!”

কেউ আবার বলল, “পাইলট!”

এই স্বপ্নগুলো শুধু ছেলেরা দেখে না, মেয়েরাও দেখে। আর এই স্বপ্নগুলো পূরণ করা একদমই অসম্ভব না যদি সবাই সহযোগিতা করে।

আমাদের বাংলাদেশে মেয়েদের সংখ্যা ছেলেদের থেকেও বেশি! সরকারি হিসাব বলছে এখন মেয়ের সংখ্যা ছেলেদের চেয়ে প্রায় ১৬ লাখ বেশি। ভাবা যায়? কিন্তু, তারপরও অনেক মেয়ে এখনো কাজের সুযোগ পায় না। কেন জানো? কারণ সমাজে এখনো অনেক কুসংস্কার আর বাধা আছে।

অনেক মেয়ে চায় ঘরের বাইরে গিয়ে চাকরি করতে, নিজের পায়ে দাঁড়াতে। কিন্তু বাধা আসে বাসা থেকে, প্রতিবেশী থেকে, এমনকি কখনো কখনো শহরের পরিবেশ থেকেও। মেয়ে একা ঢাকা কিংবা বড় অন্য শহরে এল থাকার জায়গা নেই। বাড়ির মালিক বলবে, “একটা মেয়ে একা থাকবে? না ভাই, বাসা ভাড়া দেওয়া যাবে না।” বাসে উঠবে তখনও ঝামেলা।

কেউ টিটকিরি মারে, কেউ খারাপ ভাবে তাকায়। অফিস বা কারখানায় কাজ পাবে সেখানেও হয়তো ভালো পরিবেশ নেই। তবুও সব মেয়ে পিছিয়ে পড়ে না! অনেক মেয়ে সাহস করে, চেষ্টা করে, নিজেকে গড়ে তোলে।

বাংলাদেশে তৈরি পোশাকশিল্পে (যেটাকে গার্মেন্টস শিল্প বলে) কাজ করে প্রায় ৪০ লাখ মানুষ তাদের ৬০ শতাংশই নারী। পাহাড় ডিঙিয়ে যারা এভারেস্ট জিতেছে, তাদের মধ্যেও আছে নারী। এমনকি এখন অনেক উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বা থানার অফিসার ইনচার্জ (ওসি)-এর দায়িত্বেও নারী আছেন। এখনো হয়তো সব জায়গায় সমান সুযোগ তৈরি হয়নি, কিন্তু নারীরা নিজের শক্তিতে জায়গা করে নিচ্ছেন। সমস্যা আছে, কিন্তু সমাধানও সম্ভব। এখন অনেক কারখানায় আধুনিক যন্ত্রপাতি এসেছে। এতে মানুষের কাজ কিছুটা কমে গেছে। এটাকে বলে জবলেস গ্রোথ মানে কাজ ছাড়াই উন্নয়ন। এর ফলে মেয়েদের জন্য চাকরির সুযোগ কিছুটা কমে গেছে। তাই এখন দরকার, মেয়েদের প্রযুক্তি শিখিয়ে দক্ষ করে তোলা। কম্পিউটার, ডিজাইন, প্রোগ্রামিং এসব শিখে মেয়েরা আরও ভালোভাবে কাজ করতে পারবে। তোমার মা, বোন, বান্ধবী এরা সবাই যেন পড়তে পারে, নিরাপদে চলাফেরা করতে পারে, নিজের স্বপ্ন পূরণ করতে পারে, সেটাই হওয়া উচিত। স্কুলে, বাসায়, পাড়ায় সব জায়গায় মেয়েদের প্রতি সম্মান ও সহানুভূতি দেখানো আমাদের সবার দায়িত্ব।মেয়েরা যদি চায় খেলোয়াড় হতে, হতে দাও। ডাক্তার হতে, হতে দাও।

সাইকেলে ঘুরে বেড়াতে চায়? হাঁ, ঘুরুক! কারণ তারা মানুষ। তারা শুধু ঘরের কাজ করার জন্য না, তারা দেশের জন্য কাজ করার যোগ্যতা রাখে। আজ যারা শিশু, কাল তারা হবে দেশের নেতৃত্ব। তাদের পথ যেন বন্ধ না হয়, আমাদের সবার তা নিশ্চিত করতে হবে।

তাদের বলো ”তুমি থামবে না!” (শিক্ষক ও নারী উদ্যোক্তা)

# মহররম ও আশুরার তাৎপর্য-মর্যাদা

আবদুল্লাহ আল-মামুন আশরাফী

মহররম। হিজরি বর্ষের প্রথম মাস। পৃথিবীর শুরু থেকেই মহান আল্লাহর কাছে মাসের সংখ্যা ১২। এই ১২ মাসের মধ্যে কোরআন মাজিদের ভাষায় মহররম মাসটি সম্মানিত চার মাসের অন্যতম। ইরশাদ হয়েছে, ‘প্রকৃতপক্ষে আল্লাহর কাছে আল্লাহর কিতাবে (অর্থাৎ লওহে মাহফুজে) মাসের সংখ্যা ১২টি, সেই দিন থেকে, যেদিন আল্লাহ আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করেছিলেন। এর মধ্যে চারটি মাস মর্যাদাপূর্ণ। এটাই সহজসরল দীনের দাবি (সুরা তওবা-৩৬)। কোরআনের ভাষায় সম্মানিত চারটি মাস হচ্ছে-জিলকদ, জিলহজ, মহররম ও রজব। হাদিস শরিফে ইরশাদ হয়েছে, আবু বাকরাহ (রা.) থেকে বর্ণিত : নবী করিম (সা.) বলেন, আল্লাহ যেদিন আসমান ও জমিন সৃষ্টি করেছেন, সেদিন থেকে সময় যেভাবে আবর্তিত হচ্ছিল আজও তা সেভাবে আবর্তিত হচ্ছে। ১২ মাসে এক বছর। এর মধ্যে চারটি মাস সম্মানিত। জুল-কা’দাহ, জুল-হিজ্জাহ ও মহররম। তিনটি মাস পরস্পর রয়েছে। আর একটি মাস হলো রজব-ই-মুজারা যা জুমাদা ও শাবান মাসের মাঝে অবস্থিত (সহিহ বুখারি-৩১৯৭)। মহররম আল্লাহর মাস। রমজানের পরে মহররমের রোজা আল্লাহর কাছে খুবই প্রিয়। হজরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রসুল (সা.) বলেন, রমজানের পরে সর্বোত্তম রোজা হচ্ছে আল্লাহর মাস মহররমের রোজা। আর ফরজ সালাতের পরে শ্রেষ্ঠ সালাত হচ্ছে রাতের সালাত বা তাহাজ্জুদের সালাত (সহিহ মুসলিম-২৭৪৫)। মহররমের অতিগুরুত্বপূর্ণ একটি আমল হচ্ছে ১০ তারিখের রোজা। ইসলামের পরিভাষায় যাকে ‘আশুরার রোজা’ বলা হয়। রসুল (সা.) গুরুত্বের সঙ্গে আশুরার দিনে রোজা রাখতেন। এই আশুরার দিনে আল্লাহ বনি ইসরায়েলকে ফেরাউনের কবল থেকে মুক্তি দেন। তাই বনি ইসরায়েলের নবী হজরত মুসা কলিমুল্লাহ (আ.) আশুরার দিনে আল্লাহর শোকর আদায় করে রোজা রাখতেন। মুসা (আ.)-এর অনুসরণে রসুল (সা.) নিজেও রোজা রাখতেন এবং তাঁর উম্মতকেও নির্দেশনা দিতেন। ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসুল (সা.) মদিনায় আগমন করে দেখতে পেলেন, ইহুদিরা ‘আশুরার দিনে সওম (রোজা) পালন করে। তিনি জিজ্ঞেস করলেন : কী ব্যাপার? (তোমরা এই দিনে সওম পালন কর কেন?) তারা বলল, এ অতি উত্তম দিন, এই দিনে আল্লাহ বনি ইসরায়েলকে তাদের শত্রুর কবল থেকে নাজাত দান করেন। ফলে এই দিনে হজরত মুসা (আ.) সওম পালন করেন। আল্লাহর রসুল (সা.) বললেন : আমি তোমাদের অপেক্ষা মুসার অধিক নিকটবর্তী, এরপর তিনি এই দিনে সওম পালন করেন এবং সওম পালনের নির্দেশ দেন (সহিহ বুখারি-২০০৪)। আশুরার রোজা রসুল (সা.)-এর প্রিয় আমলগুলোর অন্যতম। তিনি এই রোজাটি গুরুত্ব দিয়ে রাখতেন এবং পরিত্যাগ করতেন না। হাফসা (রা.) থেকে বর্ণিত : তিনি বলেন, চারটি আমল নবী করিম (সা.) কখনো পরিত্যাগ করতেন না। আশুরার দিনের রোজা, জিলহজ মাসের ৯ দিনের রোজা, প্রত্যেক মাসে তিন দিনের রোজা এবং ফজরের দুই রাকাত সুন্নাত (সুনানে নাসায়ি)। আশুরার রোজা অত্যন্ত ফজিলতপূর্ণ একটি আমল। গুনাহ মোচনে এই আমলটির রয়েছে বিশেষ ভূমিকা। হজরত আবু কাতাদা (রা.) থেকে বর্ণিত, রসুল (সা.)-কে আশুরার রোজার ফজিলত সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, আল্লাহর দরবারে আমি আশাবাদী, আশুরার রোজার অসিলায় তিনি পূর্ববর্তী এক বছরের গুনাহ ক্ষমা করে দেবেন (সহিহ মুসলিম-১১৬২)। আশুরার রোজা যথার্থ ফল বয়ে আনতে একটি ব্যতিক্রমী পন্থা অবলম্বন করতে হয়। আর তা হচ্ছে, আশুরার রোজার সঙ্গে আগে কিংবা পরে আরেক দিন মিলিয়ে রাখা। অর্থাৎ ৯ এবং ১০ মহররম বা ১০ এবং ১১ মহররম-এই দুই দিন একসঙ্গে রোজা। এই ব্যতিক্রমী পন্থা কেন অবলম্বন করতে হয়? কারণ রসুল (সা.) এমন নির্দেশনাই দিয়েছেন। হজরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রা.) থেকে বর্ণিত, রসুল (সা.) বলেন, তোমরা আশুরার রোজা রাখার ক্ষেত্রে ইহুদিদের সঙ্গে বৈপরীত্য অবলম্বন কর। এক দিন আগে কিংবা পরে মিলিয়ে রোজাটা রাখ (সহিহ ইবনে খুজায়মা-২০৯৫)। তবে ৯-১০ মহররম এই দুই দিন রোজা রাখাটাই নবীজি (সা.)-এর পছন্দ ছিল। ইবনু আব্বাস (রা.) বলেন, নবীজি (সা.) ইরশাদ করেন, যদি আমি আগামী বছর বেঁচে থাকি তাহলে ৯ মহররম মিলিয়ে রোজা রাখব। (কিন্তু পরবর্তী বছর আশুরা আসার আগেই তাঁর ইন্তেকাল হয়ে যায় (সহিহ মুসলিম ২৫৫৭)। আসুন, আল্লাহর মাস মহররমের তাৎপর্য অনুধাবন করি। আশুরার রোজা রেখে আল্লাহর ক্ষমা ও দয়া লাভের অনিন্দ্যসুন্দর সুরভিত জীবন লাভে এগিয়ে যাই।

## মাদক মামলার আসামির স্ত্রী-ছেলে

নবী পালিয়ে যান। তবে তার ভাড়া বাসা থেকে উদ্ধার করা হয় ১৩০ গ্রাম হেরোইন, হেরোইন বিক্রির বিভিন্ন সরঞ্জাম এবং নগদ ৬২ হাজার ৮৩০ টাকা। উল্লেখ্য, ২০২৪ সালের ৩১ ডিসেম্বর নূর নবীকে ১৩ গ্রাম হেরোইনসহ আটক করা হয়েছিল। তার বিরুদ্ধে একাধিক মাদক মামলা রয়েছে। নতুন করে স্ত্রী, ছেলে ও পলাতক নূর নবীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

## অ্যাটর্নি জেনারেল

রাজনীতি চালু হয়েছে। এই রায় এসেছিল বলেইড় আমার ভোট আমি দেব, যাকে খুশি তাকে দেব’ এই অধিকারটিকে চিরতরে নির্বাসনে পাঠানোর অপচেষ্টা করা হয়েছিল।” তিনি বলেন, “বেগম খালেদা জিয়া যে বাংলাদেশে সংসদীয় গণতন্ত্র চালু করেছিলেন, নারী ও শিশুর অধিকারের পক্ষে লড়াই করেছিলেন। সে দেশে ত্রয়োদশ সংশোধনী এনে নির্বাচন ব্যবস্থাকে স্থায়ী রূপ দেওয়ার স্বপ্ন বোনা হয়েছিল। কিন্তু জুডিশিয়ারির করাপশনের মাধ্যমে সেই স্বপ্ন হত্যা করা হয়েছে।” বক্তব্যের এক পর্যায়ে অ্যাটর্নি জেনারেল আবেগাপ্লুত হয়ে বলেন, “রাত পোহালে ৩৬ জুলাই। এক বছর আগে ২ হাজার তরতাজা প্রাণ আমাদের ছেড়ে গিয়েছিল। প্রায় ৩০ হাজার মানুষ পঙ্গুত্ব বরণ করেছেন। তাই এই ৩৬ দিন আমাদের জন্য বেদনার, স্মৃতির, আর্তির। এই আর্তি আজও আমাদের বিপ্লবের যৌক্তিক পরিণতির কাছে নিয়ে যেতে পারেনি।” আলোচনা সভায় সভাপতিত্ব করেন সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট কামাল আহমদ চৌধুরী। এবং জেলা আইনজীবী সমিতির নির্বাহী সদস্য অ্যাডভোকেট বকসী জুবায়ের আহমদের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মৌলভীবাজার জেলা ও দায়রা জজ মো. খাদেম উল কায়েস, সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরী, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক এনায়েত কবির সরকার, পুলিশ সুপার এমকেএইচ জাহাঙ্গীর হোসেন, এবং বাংলাদেশ বার কাউন্সিলের সদস্য অ্যাডভোকেট এটিএম ফয়েজ উদ্দিন। সভায় আরও বক্তব্য রাখেন সিনিয়র আইনজীবী অ্যাডভোকেট শান্তি পদ ঘোষসহ অন্যান্য নেতৃস্থানীয় আইনজীবীরা। এর আগে দুপুর ২টায় শহরের আদালত সড়কে জেলা আইনজীবী সমিতির ২নং বার হলের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন অ্যাটর্নি জেনারেল। ভিত্তিপ্রস্তর স্থাপন শেষে বিশেষ মোনাজাতে অংশ নেন তিনি।

## মেহেরপুরে বিএনপির ৩১ দফা

অ্যাডভোকেট কামরুল হাসান ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ। তাঁরা বলেন, “বিএনপির ৩১ দফা জনগণের মুক্তির রূপরেখা। এ রূপরেখার মাধ্যমে একটি গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠা সম্ভব।” এসময় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির নেতা হাফিজুর রহমান হাফি, রোমানা আহমেদ, আব্দুল লতীফ, ওমর ফারুক লিটন, হাসিবুর রহমান স্বপন, আবু ইউসুফ মিরন, আব্দুস সামাদ প্রমুখ। বক্তারা সরকারের দমন-পীড়নের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান এবং দেশের মানুষের গণতান্ত্রিক অধিকার ফিরিয়ে আনতে আন্দোলন জোরদার করার প্রত্যয় ব্যক্ত করেন।

## মেহেরপুরে উল্টোরথে রথযাত্রার

গতবারের মতো এবারও ইসকন এবং নায়েববাড়ি মন্দির কর্তৃপক্ষ পৃথকভাবে উল্টোরথের আয়োজন করে। বিকালে শহরের শ্রী শ্রী হরিভক্তি প্রদয়িনী পূজা মন্দির থেকে ইসকনের রথ যাত্রা শুরু হয়। কিছু সময় পর নায়েববাড়ি মন্দির থেকে বের হয় নায়েববাড়ির রথ। দুটি রথই শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে নিজ নিজ মন্দিরে ফিরে গিয়ে শেষ হয়। উল্লেখ্য, গত ২৭ জুন অনুষ্ঠিত হয়েছিল মূল রথযাত্রা। সেই পরিক্রমার ধারাবাহিকতাতেই পালিত হয় এই উল্টোরথ। রথযাত্রার পুরো আয়োজন জুড়ে ছিল ভক্তদের কীর্তন, প্রসাদ বিতরণ, ধর্মীয় সংগীত পরিবেশনা ও ভক্তিমূলক নানা আনুষ্ঠানিকতা। এতে নগরজুড়ে বিরাজ করে উৎসবমুখর পরিবেশ।

## আবুল খায়ের ভূঁইয়া

অজুহাত ও ইস্যু দাঁড় করানো হচ্ছে। তবে যত দ্রুত সম্ভব সংস্কার কমিশনকে তার কাজ শেষ করে নির্বাচন কমিশনের রোডম্যাপ ও নির্বাচনের দিনক্ষণ ঘোষণা করতে হবে। আমরা সেই লক্ষ্যে সরকারকে প্রয়োজনীয় সহযোগিতা করতে প্রস্তুত।”

আবুল খায়ের ভূঁইয়া আরও বলেন, “একটি দল একদিকে মেম্বার থেকে শুরু করে সংসদ সদস্য পর্যন্ত মনোনয়ন দিয়ে রেখেছে, আরেকদিকে বলে সংসদীয় গণতন্ত্র মানি না। এটি সরাসরি জনগণের সঙ্গে প্রতারণা। দেশে যদি মৌলিক কোনো পরিবর্তন আনতে হয়, তাহলে তা সংসদীয় গণতান্ত্রিক প্রক্রিয়ার মাধ্যমেই আনতে হবে।”

তিনি বলেন, “নির্বাচনে যে দল জনগণের সমর্থনে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করবে, তারাই পার্লামেন্টে গিয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেবে। জনগণের রায়ই হবে চূড়ান্ত।” এ সময় উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় সহ-সাংগঠনিক সম্পাদক হারুনুর রশিদ, সদর উপজেলা (পশ্চিম) বিএনপির আহ্বায়ক আবদুল করিম ভূঁইয়া মিজান, সদস্যসচিব কামরুজ্জামান সোহেলসহ দলের অন্যান্য স্থানীয় নেতৃবৃন্দ।

## শ্যামপুরে বিএনপির গণসংযোগ ও পথসভা

আজ বিপন্ন।” এ সময় তিনি সরকারের বিভিন্ন ‘ব্যর্থতা’ তুলে ধরে আগামী জাতীয় নির্বাচনে বিএনপিকে বিজয়ী করার জন্য দলীয় নেতাকর্মী ও এলাকাবাসীর প্রতি আহ্বান জানান। সভায় আরও বক্তব্য দেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, শ্যামপুর ইউনিয়ন বিএনপি নেতা মতিউর রহমান, মো. সৈয়দ আলীসহ অন্যান্য নেতৃবৃন্দ। পথসভা শেষে মাসুদ অরুন শ্যামপুর গ্রামে গণসংযোগে অংশ নেন এবং স্থানীয়দের সঙ্গে কুশল বিনিময় করেন।

## মহিলা দলের সঙ্গে মতবিনিময়ে মিল্টন

মিল্টন। গতকাল শনিবার গাংনীতে অনুষ্ঠিত এ সভায় তিনি স্থানীয় ওয়ার্ড এবং ইউনিয়ন পর্যায়ে মহিলা দলের সাংগঠনিক কার্যক্রম জোরদার করার আহ্বান জানান। সভায় মহিলা দলের নেত্রীরা দলীয় কর্মকাণ্ড, নারীদের রাজনৈতিক অংশগ্রহণ, এবং বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে মতামত প্রদান করেন। মিল্টন বলেন, “নারীদের শক্তিশালী ভূমিকা ছাড়া গণতন্ত্র সুসংহত হয় না।” তিনি বর্তমান সরকারের বিভিন্ন অপকর্মের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর আহ্বান জানান এবং আগামী নির্বাচনে মহিলা দলের সক্রিয় ভূমিকার ওপর গুরুত্বারোপ করেন। সভায় উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।

## চারটা চোখে আলো নেই, কিন্তু

‘সহায়তা করা শুধু কর্তব্য নয়, এটা মনুষ্যত্বের পরীক্ষা।” ইউপি চেয়ারম্যান আলম হোসেন বলেন, “এই পরিবারটিকে অগ্রাধিকার ভিত্তিতে সাহায্য করা হবে। দুই শিশুর শিক্ষার ব্যবস্থাও করা হবে।” উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন বলেন, “পরিবারটির সব সদস্যকেই প্রতিবন্ধী ভাতা এবং অন্যান্য সরকারি সহায়তার আওতায় আনার কাজ চলমান।”

## মুজিবনগরে ৬০ বোতল

সকালে আদালতে হাজির করা হলে বিচারক তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন। স্থানীয়ভাবে জানা গেছে, তুষার আলী দীর্ঘদিন ধরে গোপনে মাদক ব্যবসার সঙ্গে জড়িত ছিল। তার বিরুদ্ধে এর আগেও মাদক সংক্রান্ত অভিযোগ উঠেছে। স্থানীয় বাসিন্দারা পুলিশের এই অভিযানকে স্বাগত জানিয়ে বলেন, মাদকমুক্ত সমাজ গড়তে পুলিশের এমন অভিযান চলমান রাখা দরকার। তারা আরও জানান, কোমরপুরসহ আশপাশের গ্রামগুলোতে মাদকের বিস্তার দিনে দিনে বেড়ে চলেছে। দ্রুত ব্যবস্থা না নিলে ভবিষ্যৎ প্রজন্ম মাদকের করাল গ্রাসে ধ্বংস হয়ে যাবে। মেহেরপুর জেলা পুলিশ জানিয়েছে, মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে এবং যেখানেই মাদক সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়া যাবে, সেখানে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## গাংনীতে সড়কের পাশে পড়ে থাকা

ধরনের ঘটনা প্রতিরোধে আরও তৎপরতার আশ্বাস দিয়েছেন। তারা বলেন, নিরাপত্তা জোরদার করতে নিয়মিত অভিযান চালানো হবে এবং এ ধরনের অবৈধ অস্ত্র উদ্ধারের জন্য বিশেষ নজর দেওয়া হবে।

## আজ পবিত্র আশুরা

করেছেন। এদিনেই আদমকে (আ.) সৃষ্টি করেছেন। পরে শয়তানের প্ররোচনায় তিনি ভুল করলে এদিনেই তাকে দুনিয়ায় পাঠিয়ে দেন, পরে তাকে তার প্রতিনিধি নির্বাচিত করেন। হজরত নূহ (আ.) ৯৫০ বছর ধরে তাওহিদের বাণী প্রচারের পর যখন সেই যুগের মানুষ আল্লাহর বিধিনিষেধ পালনে অস্বীকৃতি জানায়, তখন নেমে আসে আল্লাহর গজব। আশুরার দিনেই হজরত ইব্রাহিম (আ.) শত বিধিনিষেধের মধ্যে জন্মগ্রহণ করেছেন। মূসা (আ.)-এর নেতৃত্বে বনি ইসরাইলকে ফেরাউনের কবল থেকে আল্লাহ রক্ষা করেন এদিনে। হজরত হোসাইন (রা.) অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ ও প্রতিরোধ গড়ে তুলতে গিয়ে সেদিন কারবালা প্রান্তরে পরিবার-পরিজন নিয়ে শাহাদতবরণ করেছিলেন। রাসুল (সা.)-এর প্রতিষ্ঠিত ইসলামি রাষ্ট্রব্যবস্থা এবং তার সাহাবিদের প্রবর্তিত খেলাফতি শাসন ব্যবস্থা অক্ষুণ্ন রাখার সংগ্রামে তিনি শাহাদতবরণ করেন। কারবালার ঘটনা আমাদের অন্যায় ও অসত্যের বিরুদ্ধে আপসহীনভাবে সংগ্রাম করার কথাই শিক্ষা দেয়।

ইবাদত: আশুরার রোজা পালনে বিগত এক বছরের গুনাহ মাফ হয়। ইসলামের প্রাথমিক যুগে মহররম মাসে রোজা ফরজ ছিল। দ্বিতীয় হিজরি সনে রমজানের রোজা ফরজ হওয়ার বিধান নাজিল হলে রোজা ঐচ্ছিক হিসাবে বিবেচিত হয়। আশুরা দিবসে রোজা পালনের জন্য রাসুলুল্লাহ (সা.) নির্দেশ দিয়েছেন। সর্বাধিক হাদিস বর্ণনাকারী সাহাবি হজরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত- তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, রমজানের পর সর্বাধিক উত্তম রোজা হলো মহররম মাসের রোজা।

## আয়া-ওয়ার্ডবয়দের ছায়া শাসনে

ইনকাম করি, তাই দিয়ে সংসার চলে। টাকা না নিলে কর্তৃপক্ষই আমাদের ‘অযোগ্য’ বানিয়ে ফেলে।” তিনি আরও বলেন, “ভর্তি, ছাড়পত্র, প্রেসক্রিপশন সবই আমাদের নিয়ন্ত্রণে। রোগীরা না চাইলেও টাকার দাবি করা হয়, না দিলে সেবা পাওয়া কঠিন।” একজন দায়িত্বশীল কর্মকর্তা, নাম প্রকাশে অনিচ্ছুক, বলেন, “এটা আমরাও জানি। কিন্তু ওদের অনেকেই স্থানীয় প্রভাবশালী ব্যক্তিদের সুপারিশে নিয়োগ পেয়েছেন। তাই সরাসরি ব্যবস্থা নেওয়া কঠিন।” একাধিক নার্স স্বীকার করেন, “আমরা রোগীদের যথাসাধ্য সেবা দিতে চাই, কিন্তু আয়া-ওয়ার্ডবয়দের আচরণ আমরা নিয়ন্ত্রণ করতে পারি না।” হাসপাতালের এক চিকিৎসক বলেন, “চিকিৎসা দিতে আমরা আন্তরিক, কিন্তু ঘুষের এই সংস্কৃতি পুরো সিস্টেম দুর্বল করে দিচ্ছে।” মেহেরপুর জেলা নারী ও শিশু আদালতের এপিপি অ্যাডভোকেট মকলেসুর রহমান বলেন, “এটা এক ধরনের করপোরেট ঘুষ-সংস্কৃতি। এখনই এগুলো প্রতিরোধে মনিটরিং কমিটি গঠন, নিয়মিত মনিটরিং এবং অভিযোগ জানানোর সহজ ব্যবস্থা চালু করতে হবে।” মেহেরপুর জেনারেল হাসপাতালের নবনিযুক্ত তত্ত্বাবধায়ক ডা. শাহ-রিয়ার শায়লা জাহান বলেন, “আমি চেষ্টা করছি সুশৃঙ্খলভাবে হাসপাতাল পরিচালনার। সব অনিয়ম দূর করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হবে।”

## নাহিদ ইসলাম

চাই বিচার হোক দৃশ্যমান ও নিরপেক্ষ। বিচার দেরি করার কথা বলা হচ্ছে, কিন্তু বিচার এখনই শুরু করতে হবে। যেই সরকারই আসুক না কেন, তার হাত বিচার থেকে সরিয়ে রাখতে হবে। এটা দেশের নাগরিকদের স্বার্থে প্রয়োজন।”

তিনি বিশেষভাবে জুলাই আন্দোলনের শহীদ ও শহীদ পরিবারের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, “আপনাদের পরিবারের যে ক্ষতি হয়েছে, পৃথিবীর কোনো কিছু দিয়ে পূরণ করা যাবে না। আপনাদের স্বজনরা দেশের জন্য, মানুষের মুক্তির জন্য জীবন দিয়েছেন। আমরা জানি সেই আত্মত্যাগ কত মূল্যবান। আমরা আপনাদের পাশে দাঁড়াতে চাই। হয়তো অতীতে আমরা আপনাদের প্রতি যথাযথ দায়িত্ব পালন করতে পারিনি, তার জন্য ক্ষমা চাচ্ছি। কিন্তু আজ থেকে আমরা আপনাদের সঙ্গে চিরস্থায়ী সম্পর্ক গড়ে তুলবো এবং আপনাদের পাশে থাকব। আন্দোলনের শহীদদের জন্য বিশেষ একটি জুলাই ঘোষণাপত্র প্রণয়নের কথাও জানান। এই ঘোষণাপত্রে শহীদ পরিবারগুলোর রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক নিরাপত্তার নিশ্চয়তার ব্যাপারে স্পষ্ট নির্দেশ থাকবে। শুধু বর্তমান সরকার নয়, যেই সরকারই ক্ষমতায় আসুক, তাদের জন্য এটি বাধ্যতামূলক হবে। আমরা সারা দেশে এই দাবিতে পদযাত্রা ও সভা করব।” নাহিদ ইসলাম আরও বলেন, “ফেরাউন স্বৈরশাসকরা কখনো চিরদিন ক্ষমতায় থাকতে পারেন না। আমাদের দেশের স্বাধীনতার জন্য যারা জীবন দিয়েছেন, তাদের স্বপ্ন পূরণ করাই আমাদের কর্তব্য। তাদের আত্মত্যাগের মর্যাদা দিতে হবে। আমরা স্বাধীনতার জন্য যুদ্ধ করেছি, সেখানে কোনো স্বৈরাচার সহ্য করা হবে না। সেই লক্ষ্যে আমাদের সংগ্রাম অব্যাহত থাকবে।” বগুড়া প্রসঙ্গে তিনি অভিযোগ করেন, “গত ১৭ বছর ধরে এখানে ফ্যাসিস্ট সরকারের অধীনে রাজনৈতিক বৈষম্য চলছে। বগুড়ার মানুষ চাকরিতে বঞ্চিত হয়েছে, তাদের বিরুদ্ধে মিথ্যা মামলা করা হয়েছে।